




বাংলাদেশ হাটস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbf.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র চেয়ারম্যান-কে “খুলনা বিভাগীয় কল্যাণ সমিতি, সিলেট” এর পক্ষ থেকে শুভেচ্ছা স্মারক প্রদান



সম্প্রতি খুলনা বিভাগীয় কল্যাণ সমিতি, সিলেট এর উদ্যোগে স্পাইসি রেস্টুরেন্ট এন্ড পার্টি সেন্টারে এক ইফতার মাহফিলের আয়োজন করা হয়। বাংলাদেশ হাটস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানে প্রবীণ গুণীজন ব্যক্তি হিসেবে বিএইচবিএফসি'র চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ-কে সমিতির পক্ষ থেকে শুভেচ্ছা স্মারক (ক্রেস্ট) প্রদান করা হয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. গোলাম শাহী আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি ডা. সৈয়দ মোহাম্মদ খসরু। এছাড়া, সিলেট চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সাইফুজ্জামান হিরো, সমিতির সাধারণ সম্পাদক এডভোকেট স্বপন কুমার শিকদার এবং সমিতির সদস্যবৃন্দসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

  
জেড. এম. হাফিজুর রহমান  
জনসংযোগ কর্মকর্তা (এ.জি.এম)  
বাংলাদেশ হাটস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন